

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৭/২০১৫

অভিযোগকারী : জনাব মোঃ হাফিজুল ইসলাম
পিতা-মোঃ আব্দুল খালেক
চৌড়হাস মতিমিয়ার রেলগেট
বিসিক, কুষ্টিয়া।

প্রতিপক্ষ : জনাব উত্তম কুমার রায়
সহকারী কমিশনার (ভূমি)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
উপজেলা ভূমি অফিস
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২২-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব মোঃ হাফিজুল ইসলাম ২১-০৭-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা ভূমি অফিস, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. কুষ্টিয়া সদর উপজেলায় কয়টি মৌজা আছে? মৌজাগুলোর নাম কি?
২. কুষ্টিয়া সদর উপজেলায় কয়টি মৌজায় কি পরিমাণ খাস জমি আছে?

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী তথ্য না পেয়ে অভিযোগকারী ০৭-০৯-২০১৪ তারিখে এডিসি (রেভিনিউ), কুষ্টিয়া বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০১-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ হাফিজুল ইসলাম হাজির। প্রতিপক্ষ জনাব উত্তম কুমার রায়, সহকারী কমিশনার (ভূমি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা ভূমি অফিস, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। প্রতিপক্ষ সহকারী কমিশনার (ভূমি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা ভূমি অফিস, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত হননি। সমন পেয়ে তিনি বিষয়টি জানতে পেরেছেন। যাচিত তথ্যাদি নোটিশ বোর্ডে প্রকাশ করা হয়েছে। আজকেও অভিযোগকারীর যাচিত তথ্যাদি সাথে নিয়ে এসেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর যাচিত তথ্যাদি কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

(অ: প্: দ্র:)

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য প্রাপ্তির আবেদন পাননি বিধায় যথাসময়ে তথ্য সরবরাহ করতে পারেননি। সমন পেয়ে তিনি বিষয়টি জানতে পেরেছেন। এছাড়া যাচিত তথ্যাদি নোটিশ বোর্ডে প্রকাশ করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সাথে নিয়ে এসেছেন এবং কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০১-০৪-২০১৫ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য সহকারী কমিশনার (ভূমি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা ভূমি অফিস, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার